



নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো) লি:

Northern Electricity Supply Company (NESCO) Ltd

(An enterprise of Bangladesh Power Development Board)

প্রধান কার্যালয়: বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০

www.nesco.gov.bd



নেসকো লি., রাজশাহী।

কোম্পানির নামঃ নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) লি:

উদ্ভাবনের শিরোনামঃ

স্ট্যান্ডার্ড ফিল্ড Three phase balance resistive লোড ব্যবহার করে মধ্যম চাপ (১১ কেভি) সংযোগের মিটারিং ইউনিট পরীক্ষা করণ।

বাস্তবায়ন অগ্রগতিঃ বাস্তবায়িত।

পটভূমিঃ

মধ্যম চাপ সংযোগ সমূহে ১১ কেভি সিটি, ১১ কেভি পিটি ও এইচটি মিটার ব্যবহার করা হয়। মধ্যম চাপ সংযোগের সম্মানিত গ্রাহকগণ মাঝে মাঝেই অভিযোগ করেন যে, তাদের অস্বাভাবিক বিল আসছে, আবার বিক্রয় ও বিতরণ বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ অভিযোগ করেন, তাদের দপ্তরের সিস্টেম লস বেড়ে যাচ্ছে। নির্বাহী প্রকৌশলীগণ বলেন যে, মিটারিং ইউনিটের সিটি/পিটি একটি রুমের মধ্যে আবদ্ধ থাকায় সীল কর্তন ছাড়া সিটি/পিটি পরীক্ষা করা যায় না এবং সীল কর্তনের জন্য এনার্জি ইফিসিয়েন্সি দপ্তরের উপস্থিতির প্রয়োজনীয়তা রয়েছে। ফলে এমন একটি পরীক্ষা পদ্ধতি দরকার যেটা দিয়ে সিটি/পিটি কক্ষের সীল কর্তন না করেই বিক্রয় ও বিতরণ বিভাগ সমূহ তাদের নিজস্ব একটি মিটার/ মিটারিং ইউনিট পরীক্ষা করতে পারে। অনেক বিক্রয় ও বিতরণ বিভাগ সমূহে একটি গ্রাহক অনেক বেশি থাকা সত্ত্বেও (টোটাল ইমপোর্ট ইউনিট এর ৩৫-৪০% এমটি থেকে আসে) সিস্টেম লস আশানুরূপ কমে না আবার মিটারের ত্রুটিজনিত কারণে গ্রাহকগণ অস্বাভাবিক বিলের সম্মুখীন হন। তাই সীল কর্তন ছাড়াই, সহজে ও গ্রাহকের বোধগম্যভাবে মিটার/ মিটারিং ইউনিট পরীক্ষার প্রস্তাবিত এই পদ্ধতিটির গুরুত্ব বৃদ্ধি পায়।

এমতাবস্থায়, সীল কর্তন ছাড়াই স্বল্প খরচে, খুব সহজে অর্থাৎ গ্রাহক বুঝতে পারে এমন পদ্ধতিতে বর্ণনামতে এমটি (১১ কেভি) মিটারসমূহ পরীক্ষা করা হয়।

বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জসমূহঃ

মিটারিং ইউনিটের সিটি/পিটি একটি রুমের মধ্যে আবদ্ধ থাকায় সীল কর্তন ছাড়া সিটি/পিটি পরীক্ষা করা যায় না এবং সীল কর্তনের জন্য এনার্জি ইফিসিয়েন্সি দপ্তরের উপস্থিতির প্রয়োজনীয়তা রয়েছে।

চ্যালেঞ্জ উত্তরনের জন্য গৃহীত পদক্ষেপঃ

সীল কর্তন ছাড়াই স্বল্প খরচে, খুব সহজে অর্থাৎ গ্রাহক বুঝতে পারে এমন পদ্ধতিতে বর্ণনামতে এমটি (১১ কেভি) মিটারসমূহ পরীক্ষা করা হয়।

উপকারিতা:

- ১। ত্রুটিপূর্ণ মিটার সহজে পরীক্ষার মাধ্যমে চিহ্নিতকরণের মাধ্যমে গ্রাহকের অতিরিক্ত বিলের সমস্যা সমাধান।
- ২। পরীক্ষায় ত্রুটি পেলে গ্রাহককে বুঝানোর স্বার্থে ইচ্ছা করলে innovative পদ্ধতিতে উদ্ভাবিত ট্রলিমাউন্টেড এমটি মিটারিং ইউনিট সিরিজে লাগিয়ে গ্রাহককে বুঝানো যায়।
- ৩। এটি একটি user friendly পদ্ধতি। এ পদ্ধতিতে মিটার এবং মিটারের কানেকশন পরীক্ষা করা যায়।
- ৪। অল্প খরচে ও খুব কম সময়ে মিটারিং ইউনিটের সীল কর্তন ছাড়াই একই সাথে তিনটি সিটি, তিনটি পিটি পরীক্ষা করা যায়।
- ৫। BERC এর শর্তানুযায়ী স্বীয় উদ্যোগে ০৬ মাস অন্তর অন্তর সকল এমটি মিটার টেস্ট করা সম্ভব।

TCV সেবার মানে পরিবর্তনঃ


১	ত্রুটিপূর্ণ মিটার সহজে পরীক্ষার মাধ্যমে চিহ্নিতকরণের মাধ্যমে গ্রাহকের অতিরিক্ত বিলের সমস্যা সমাধান।	Cost
২	অল্প খরচে ও খুব কম সময়ে মিটারিং ইউনিটের সীল কর্তন ছাড়াই একই সাথে তিনটি সিটি, তিনটি পিটি পরীক্ষা করা যায়।	Time

উদ্ভাবকগণের নামঃ

জনাব মোঃ রবিউল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওস বগুড়া।

উদ্ভাবনের গ্রাফ/চিত্রঃ

Flowchart:- "MT(11KV) Meter testing procedure"



N.B.

1. All LT side data or calculative data exclude transformer loss.
2. Displayed meter data include transformer loss. So meter data will be slightly higher than calculative data.





নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো) লি:

Northern Electricity Supply Company (NESCO) Ltd

(An enterprise of Bangladesh Power Development Board)

প্রধান কার্যালয়: বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০

www.nesco.gov.bd



নেসকো লি:, রাজশাহী।

